# ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন

## মূল সত্য

ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন

## বাইবেলের পদ

"সৃষ্টির শুরুতেই ঈশ্বর মহাকাশ ও পৃথিবী সৃষ্টি করলেন।"

- **আদিপুস্তক ১:১**

## পাঠের শুরু

এটা কে সৃষ্টি করেছেন?

## বাইবেলের গল্প

সৃষ্টির কাহিনী
- আদিপুস্তক ১

## সম্পর্কযুক্ত গল্প

কৃষক লিনা ও ক্রিস

GENERATION CHANGERS

BIJOY MINISTRIES

পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# পাঠের উদ্দেশ্যঃ

কিভাবে এই পৃথিবী ও মহাবিশ্বের অন্য সবকিছু সৃষ্টি হয়েছে সেই বিষয়ে বিজ্ঞান ও ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে একটি চলমান তর্ক-বিতর্ক রয়েছে। বিজ্ঞানীরা বলছেন যে সবকিছু একটি বিস্ফোরণ থেকে শুরু হয়েছে যাকে বিগ-ব্যাং বলা হয় আর বছরের পর বছর ধরে এটি ঠান্ডা হয়ে এই পৃথিবীতে রুপ নিয়েছে। কিন্তু বাইবেলে আদিপুস্তক ১ অধ্যায়ে এটি পরিস্কারভাবে বলা হয়েছে যে ঈশ্বর তাঁর মুখের কথায় এই সবকিছু সৃষ্টি করেছেন আর এই সব সৃষ্টি করতে মাত্র ছয় দিন লেগেছিল।


এই পাঠের উদ্দেশ্য শিশুদেকে এই শিক্ষা দেয়া যে ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন। এই পাঠের শেষে, আমরা চাই যেন শিশুরা জানতে পারে যে, যে ঈশ্বর এই সমস্ত কিছু তার ক্ষমতা দিয়ে সৃষ্টি করেছেন সেই একই ঈশ্বরের এই ক্ষমতাও আছে যে তিনি তোমার জীবনের সমস্ত সমস্যাগুলোও সমাধান করতে পারেন।



# প্রয়োজনীয় উপকরণ


## পাঠের শুরুঃ

টেলিফোন, খেলনা গাড়ি, হ্যামবার্গার, একজন পুরুষ ও একজন মহিলা




## বাইবেলের গল্প

দুইটা বড় গোল/সার্কেল (একটি কালো, একটি সাদা), কিছু জিনিসের পেপার কাটিং (আকাশ, সমুদ্র, সূর্য, চাঁদ, মাটি, গাছ, তিমি, পাখী, হাতি, পিঁপড়া, পুরুষ, মহিলা), টেপ



## সম্পর্কযুক্ত গল্পঃ

স্লাইডস




BIJOY MINISTRIES
পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# পাঠের শুরু

কার্যক্রম

# এটা কে সৃষ্টি করেছেন?



বছরের পর বছর ধরে মানুষ অনেক বিষ্ময়কর কিছু জিনিস আবিস্কার করেছে যা আমাদের জীবন যাপন পাল্টে দিয়েছে। *(শিক্ষক টেলিফোন দেখাবেন)* আমাদের কাছে মোবাইলফোন আসার অনেক আগে, এ্যালেক্সযেন্ডার গ্রাহাম বেল প্রথম টেলিফোন আবিস্কার করেন। এক জায়গায় না থাকলেও এই টেলিফোন লোকদেরকে একজন অন্যজনের সাথে কথা বলতে সাহায্য করেছে। *(শিক্ষক খেলনা গাড়ী দেখাবেন)* কার্ল বেঞ্চ প্রথম গাড়ী আবিস্কার করেন যার ফলে লোকদের অনেকদুর পর্যন্ত হাঁটতে হয় না বা ঘোড়ায় চড়তে হয় না। *(শিক্ষক একটি হ্যামবার্গার দেখাবেন)* এবং লুয়িস ল্যাসেন একটি অন্যতম সুস্বাদু খাবার তৈরী করেছেন যার নাম হ্যামবার্গার। অনেকগুলোর মধ্যে এগুলো হচ্ছে কয়েকটি জিনিস যা আমাদের জন্য সৃষ্টি করা হয়েছিল।
**আমি এখন তোমাদেরকে একজন মহান সৃষ্টিকর্তার নাম বলতে চাই। তিনি শুধু মুখের কথাতেই আকাশ ও মহাবিশ্বের সবকিছু সৃষ্টি করেছেন। এই মহান সৃষ্টিকর্তা হলেন ঈশ্বর। কারণ ঈশ্বর সবচেয়ে বেশি শক্তিশালী ও ক্ষমতাশীল, এমন কোন কিছুই নেই যা তিনি করতে পারেন না।**

আমাদের চারিপাশে আমরা যা কিছু দেখতে পাই তার সবকিছুই ঈশ্বর সৃষ্টি করেছেন। তাঁর ক্ষমতা ব্যবহার করে তিনি গাছপালা সৃষ্টি করেছেন, পশুপাখীদের সৃষ্টি করেছেন, মাটি এবং সমুদ্র তৈরী করেছেন। *(পুরুষলোক বা মহিলার দিকে হেঁটে যান)* কিন্তু সবচেয়ে আশ্চর্যকর যা ঈশ্বর সৃষ্টি করেছেন তাহলো মানুষ। **তিনি আমাদেরকে শক্তি দিয়েছেন যেন আমরা আমাদের চিন্তাশক্তিকে কাজে লাগিয়ে এই রকম নতুন নতুন জিনিস তৈরী করতে পারি।**

**সেই সাথে ঈশ্বর তাঁর শক্তি ব্যবহার করে আমাদের জীবনের কঠিন সমস্যাগুলোও সমাধান করতে সাহায্য করেন।** তিনি তোমার মধ্যে থেকে রাগ দুর করে দিয়ে একটি ভালবাসার হৃদয় তৈরী করতে পারেন। যখন তুমি অসুস্থ থাক তখন তিনি তোমার অসুস্থতা দুর করে দিয়ে তোমাকে সুস্থ করতে পারেন। **ঈশ্বর এই সবকিছু এমনকি এর থেকেও বেশি কিছু করতে পারেন কারণ তিনি সবকিছু সৃষ্টি করেছেন এবং তিনি তোমাকে সাহায্য করতে পারেন।**

**আজকের বাইবেলের পদ এই কথা বলেঃ**
**“সৃষ্টির শুরুতেই ঈশ্বর মহাকাশ ও পৃথিবী সৃষ্টি করলেন।” - আদিপুস্তক ১ঃ১**

উদাহরণ

- হতেপারে তোমার ঠাকুরদাদা-দিদির কথা খুব মনে পড়ে কারণ তারা অন্য একটি দেশে থাকে, কিন্তু তোমার পরিবারের এত টাকা নেই যে সেখানে গিয়ে তাদের সাথে দেখা করতে পারে। তুমি ঈশ্বরের কাছে প্রার্থনা করতে পার যেন তিনি তোমাকে তাদের সাথে দেখা করার একটি উপায় তৈরী করে দেন।
- হতেপারে তুমি তোমার পড়াশুনা নিয়ে সমস্যায় আছো আর শিক্ষক বলেছেন হয়তো পরের ক্লাসে উঠতে পারবে না। ঈশ্বরের কাছে সাহায্য চাও যেন তুমি তোমার পড়া বুঝতে পার এবং পরীক্ষায় ভাল করতে পার।

অনেক বিখ্যাত ব্যক্তিদেরকে মানুষ ভুলে গেছে যারা অনেক আশ্চর্য জিনিস তৈরী করেছিল। কিন্তু সবচেয়ে মহান যে সৃষ্টিকর্তা তাকে কেউ ভুলে যায় নি এবং তিনি এখন বিদ্যমান। **আজকে তুমি ঈশ্বরের কাছে তোমার জন্সায হায্য চাইতে পার। তিনি তোমাকে সাহায্য করতে পারেন কারণ তিনি ঈশ্বর, এবং তিনি সবকিছু সৃষ্টি করেছেন।**

## উপকরণ

টেলিফোন, খেলনা গাড়ী, হ্যামবার্গার, পুরুষ ও মহিলা



BIJOY MINISTRIES
পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# বাইবেলের গল্প

দৃষ্টান্ত

## সৃষ্টির কাহিনী আদিপুস্তক ১

নোটঃ শুরু করার আগে সাদা সার্কেলের সামনে কালো সার্কেলটি রাখুন। শিক্ষক অথবা সাহায্যকারী যে কেউ ছবিগুলো টেপ দিয়ে লাগাতে পারেন।)

**বাইবেল আমাদেরকে বলে যে ঈশ্বর শুধুমাত্র তাঁর মুখের কথায় পৃথিবী, আকাশ এবং সবকিছু সৃষ্টি করেছেন।** আমি এখন তোমাদেরকে বলতে যাচ্ছি যে কিভাবে তিনি তা সৃষ্টি করেছেন। *(বোর্ড দেখান)* একদম শুরুতে যখন ঈশ্বর পৃথিবী সৃষ্টি করেন তখন সেখানে জল ছাড়া আর কিছুই ছিল না। এমনকি এটি ঠিক এইরকম অন্ধকারও ছিল। তাই, ঈশ্বর বললেন, "আলো হোক!" *(কালো সার্কেলটি সরিয়ে ফেলুন)* আর সঙ্গে সঙ্গে অন্ধকারের মধ্যে আলো জ্বলজ্বল করতে লাগলো। ঈশ্বর এই আলোর নাম দিলেন দিন আর অন্ধকারের নাম দিলেন রাত। আর প্রথম দিনে তিনি এগুলোই সৃষ্টি করলেন।

*(সার্কেলের মধ্যে আকাশ ও সমুদ্র বসান)* দ্বিতীয় দিনে ঈশ্বর বললেন, "এমন কিছু হোক যা এই জলকে দুভাগে ভাগ করে দিবে।" আর তখন জল ভাগ হয়ে গেল আর ঈশ্বর এই দুটির মাঝখানে বাতাস রাখলেন। আর ঐ বাতাসের নিচে যে জল সেটাকে তিনি নাম দিলেন সমুদ্র, এবং উপরের অংশকে নাম দিলেন আকাশ। *(ভুমি ও গাছপালা সার্কেলে বসান)* তৃতিয় দিনে, ঈশ্বর বললেন, "আকাশের নিচের জল সব এক জায়গায় জমা হোক এবং শুকনা জায়গা দেখা দিক।" এভাবে ঈশ্বর সমস্ত জল এক জায়গায় আনলেন এবং শুকনা জমি সৃষ্টি করলেন। এরপর তিনি সেই শুকনা জায়গায় গাছপালা, শস্য, ঘাস ইত্যাদি সৃষ্টি করলেন।

*(সূর্য এবং চাঁদ যোগ করুন)* চতুর্থ দিনে, ঈশ্বর বললেন, "আকাশের মধ্যে আলো দেয় এমন সবকিছু দেখা দিক, আর তা রাত থেকে দিনকে আলাদা করুক।" তাই ঈশ্বর দিনের বেলায় আলো দেয়ার জন্য সূর্য সৃষ্টি করলেন আর রাতে আলো দেয়ার জন্য চাঁদ সৃষ্টি করলেন। *(তিমি এবং পাখী যোগ করুন)* পঞ্চম দিনে, ঈশ্বর এই বলে সমুদ্রের প্রাণী ও পাখী সৃষ্টি করলেন, "জল বিভিন্ন জীবন্ত প্রাণীর ঝাঁকে ভরে উঠুক, আর পৃথিবীর উপরে আকাশের মধ্যে বিভিন্ন পাখী উড়ে বেড়াক।"

*(পশু, পুরুষ ও স্ত্রীলোকের ছবি লাগান)* ষষ্ঠ দিনে, ঈশ্বর বললেন, "পৃথিবী জীবন্ত প্রাণীতে ভরে উঠুক।" এভাবে তিনি বিভিন্ন ধরণের ছোট বড় পশু ও পোকামাকড় সৃষ্টি করলেন যেমন হাতি ও পিঁপড়া। এই সমস্ত কিছু সৃষ্টি করার পর, ঈশ্বর বললেন, "আস আমরা আমাদের সাথে মিল রেখে মানুষ সৃষ্টি করি।" তাই ঈশ্বর মানুষকে পুরুষ ও স্ত্রী করে সৃষ্টি করলেন এবং পৃথিবীর সমস্ত কিছু যত্ন নিতে ও উপভোগ করতে দিলেন। ষষ্ঠদিনে ঈশ্বর সমস্ত কাজ শেষ করলেন এবং সপ্তম দিনে তিনি বিশ্রাম নিলেন।

**থাম!** *(সৃষ্টির বোর্ডের পাশে শিক্ষক দাড়াবেন)* এই বোর্ডে তোমরা যা কিছু দেখতে পাচ্ছ তা সবই ঈশ্বর সৃষ্টি করেছেন। **আর তিনি এতই শক্তিশালী যে শুধুমাত্র মুখের কথাতেই তিনি এই সবকিছু সৃষ্টি করেছেন।** তিনি তোমাকে সাহায্য করার জন্যও তাঁর ক্ষমতা ব্যবহার করতে পারেন। তোমার যদি তাঁর সাহায্য বা সুস্থতার প্রয়োজন হয়, তিনি তোমার জীবনে তা করতে পারেন। **ঈশ্বর এগুলো করতে পারেন কারণ তিনি এই সবকিছুর সৃষ্টিকর্তা।**

**আজকের বাইবেলের পদঃ**
**"সৃষ্টির শুরুতেই ঈশ্বর মহাকাশ ও পৃথিবী সৃষ্টি করলেন।" -আদিপুস্তক ১ঃ১**

উদাহরণ

- **হয়তো কেউ তোমাকে আঘাত করেছে আর তাকে ক্ষমা করা তোমার জন্য কঠিন হয়ে পড়েছে। ঈশ্বরের কাছে বল যেন তিনি তোমার মধ্যে একটি ক্ষমার হৃদয় তৈরী করেন এবং তোমাকে ক্ষমা করতে সাহায্য করেন।**
- **হয়তো তোমার বাবা-মা নিজেদের মধ্যে ঝগড়া করে বলে তোমার খুবই খারাপ লাগে। ঈশ্বরকে বল যেন তিনি তাদের একটি ভালবাসার হৃদয় তৈরী করেন যেন তারা মিলেমিশে থাকে।**

**যদি তোমার কোনকিছুর দরকার হয় আর তুমি জাননা যে কি করতে হবে বা কোথায় যেতে হবে, তখন ঈশ্বরের সাহায্য চাও। ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন এবং তিনি তোমাকেও সাহায্য করতে পারেন।**

### উপকরণ

দুইটা বড় গোল/সার্কেল (একটি কালো, অন্যটি সাদা), পেপার কাটিং (আকাশ, সমুদ্র, সূর্য, চাঁদ, ভুমি, গাছপালা, তিমি, পাখী, হাতি, পিঁপড়া, পুরুষলোক, স্ত্রীলোক), স্কসটেপ।



BIJOY MINISTRIES
পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

## কৃষক লিনা এবং ক্রিস

১ লিনা এবং ক্রিস বানী সবচেয়ে ভাল ও বড় ভুট্টা চাষের জন্য আর্জেন্টিনায় খুবই বিখ্যাত। সেই সাথে তারা ঐ দেশের একটি বড় ফার্মেরও মালিক। এটি তাদের বাবা-মায়ের ছিল কিন্তু তারা অবসর নেয়ার পর তাদেরকে এটি দিয়ে দিয়েছেন। এখন এই দুই ভাই-বোন তাদের বাবা-মায়ের মতই ফার্মের যত্ন নেয়ার জন্য অনেক সময় ও অর্থ  ব্যয় করতে লাগলো।



২ সবাই তাদের কাছ থেকে ভুট্টা কিনতে পছন্দ করতো এমননি পৃথিবীর অন্য দেশ থেকেও লোকেরা ভুট্টা কিনতে আসতো। সম্প্রতি তারা চিলি, ভেনিজুয়েলা, ইকুয়েডর ও কানাডা থেকে বড় ধরণের অর্ডার পেয়েছে। ক্রিস এবং লিনা কাসটোমারদেরকে সঠিক সময়ে ভুট্টা জাহাজে করে পাঠানোর জন্য অতিরিক্ত এবং খুবই কঠিন পরিশ্রম করতে লাগলো।




৩ লিনা এবং ক্রিস তাদের ভুট্টার জন্য খুব গর্বিত ছিল। সেগুলো খুবই বড়, মোটাসোটা এবং জাহাজে পাঠানোর জন্য মোটামুটি প্রস্তুত ছিল। কিন্তু একরাতে যখন তারা ঘুমাচ্ছিল, তখন একদল কাক উড়ে এল এবং তাদের ভুট্টাক্ষেতে এসে নামলো। ঐ রাতে কাকগুলো বেশিরভাগ ভুট্টা খেয়ে ফেললো যেগুলো মাঠের দক্ষিন দিকে জন্মেছিল।



৪ পরেরদিন সকালে যখন লিনা ও ক্রিস ঘুম থেকে উঠলো তখন তারা ভুট্টাক্ষেত ঠিক আছে কিনা তা পরীক্ষা করে দেখতে গেল। লিনা উত্তর দিকে গেল আর ক্রিস দক্ষিন দিকে গেল। যেহেতু কাকগুলো দক্ষিন দিকে ভুট্টগুলোকে বেশি নষ্ট করে ফেলেছে তাই ক্রিসের চোখেই ক্ষতির বিষয়টি প্রথমে ধরা পড়লো। সে দেখলো যে মাটিতে অর্ধেক করে খাওয়া ভুট্টাগুলো গড়াগড়ি খাচ্ছে। যখনই ক্রিস এগুলো দেখেতে পেল সঙ্গে সঙ্গে সে তার বোনকে ডাকতে লাগলো।




পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

## কৃষক লিনা এবং ক্রিস

৫ লিনা যখন এটি দেখলো তখন বলল “এটাতো খুবই ভয়ানক ব্যাপার! এতগুলো ভুট্টা নষ্ট হয়ে গেল!” ক্রিস রাগান্বিত হয়ে বলল, “আমি জানতে চাই এটা কে করেছে! এটা অসহ্যনীয়!” ক্রিস ও লিনা জানতো যে তারা ঐ নষ্ট হয়ে যাওয়া ভুট্টগুলোকে আর ব্যবহার করতে পারবে না তাই বাকি যে ভুট্টাগুলো আছে সেগুলোকে যত্ন নেয়ার জন্য তারা আরো দিগুন কাজ করতে লাগলো। সন্ধ্যার সময় যখন সূর্য ডুবে যাচ্ছিল তখন ক্রিন লিনাকে বলল, “আজকে রাতে আমি ভুট্টাক্ষেতে পাহাড়া দিতে যাচ্ছি। আমাকে খুঁজে বের করতে হবে যে কে এই কাজ করেছে।” এরার ক্রিস তার জ্যাকেট, মাথার টুপি, একটি টর্চ লাইট নিয়ে ভুট্টাক্ষেতের উত্তর দিকে পাহাড়া দিতে গেল।



৬ ক্রিস সারারাত ধরে পাহাড়া দিল কিন্তু তেমন কিছুই দেখতে পেল না। কিন্তু পরের দিন, যখন সে আর লিনা মাঠে কাজ করতে গেল আর দেখলো যে উত্তর দিকের অংশটি একেবারেই নষ্ট হয়ে গিয়েছে। কাকগুলো আবারো ফিরে এসেছিল আর সবকিছু নষ্ট করে দিয়ে চলে গেছে। এই সবকিছু দেখে লিনা একেবারে কান্নায় ভেঙ্গে পড়লো আর বলল, “এখন কিভাবে আমরা আমাদের অর্ডারগুলো পুরন করবো? সম্পূর্ণ ক্ষেতের প্রায় অর্ধেক ভুট্টাই আমাদের নষ্ট হয়ে গেল। এখন আমরা কি করবো!”



### শিক্ষার সময়

তোমাদের মধ্যেও হয়তো কারো কারো লিনার মত অনুভুতি হচ্ছে। হয়তো তোমার জীবনের কোন সমস্যা আছে যা ঠিক হওয়া দরকার কিন্তু তুমি জাননা যে কি করা দরকার। হয়তো মনে হচ্ছে কোন আশা নাই, এবং আমাদের জীবনে কিছুই হবে না। **ঈশ্বর যিনি এই সবকিছু সৃষ্টি করেছেন তিনি তোমাকে সাহায্য করতে পারেন। তোমার যা দরকার সেটি দেয়ার মধ্যে দিয়ে তিনি তোমাকে একটি পরিপূর্ণ সমাধান দিতে পারেন।**

**মনেকরে দেখ বাইবেলের পদটি কি বলছেঃ**
**“সৃষ্টির শুরুতেই ঈশ্বর মহাকাশ ও পৃথিবী সৃষ্টি করলেন।” -আদিপুস্তক ১ঃ১**

**উদাহরণ**

- **হয়তো তুমি মিথ্যাকথা বলা বন্ধ করতে চাও কিন্তু তুমি পারছো না। ঈশ্বরকে বল যেন তিনি তোমাকে সবসময় সত্যি বলতে সৎ থাকতে সাহায্য করেন।**
- **হয়তো তোমার কোন বন্ধু মাদক নেয় আর সে সেখান থেকে বের হতে পারছে না। ঈশ্বরকে বল যেন তিনি তাদেরকে মাদক নেয়া বন্ধ করতে ও সেখান থেকে বের হয়ে আসতে সাহায্য করেন।**


ক্রিস এবং লিনাও খুবই অসহায় বোধ করছিল এবং বুঝতে পারছিল না যে তাদের কি করা দরকার। এখন, চল দেখি এরপর কি হলো।


পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# সম্পর্কযুক্ত গল্প

## কৃষক লিনা ও ক্রিস

৭ ক্রিস তার বোনকে সান্তনা দেয়ার জন্য তাকে জড়িয়ে ধরে বলল, **"আমরা এত তাড়াতাড়ি ছেড়ে দিতে পারি না। ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন, তাই আমরা তাঁর কাছে সাহায্য চাইবো।" ভুট্টাক্ষেতের মধ্যে বসেই ক্রিস এবং লিনা ঈশ্বরের কাছে প্রার্থনা করলো এবং তাদের অর্ডার পূরণ করার জন্য সাহায্য চাইলো।** এরপর তারা নষ্ট ভুট্টাগুলোকে বাইরে ফেলে দিয়ে ক্ষেতে কাজ করতে শুরু করলো। যে ভুট্টাগুলো এখনও ভাল আছে সেগুলোকে যত্ন করার জন্য তারা খুবই পরিশ্রম করতে লাগলো কারণ জাহাজে করে ভুট্টাগুলো পাঠানোর সময় খুবই কাছাকাছি চলে আসছিল।



৮ ক্রিস  এবং লিনা বিষয়টি জানতো না কিন্তু তাদের প্রতিবেশীরা শুনেছিল যে তাদের ভুট্টাক্ষেতে কাক আক্রমন করেছিল। তাই, তারা সবাই একত্রিত হলো এবং সিদ্ধান্ত নিল যে তাদের কাছ থেকে কিছু কিছু ভুট্টা তারা তাদেরকে দিয়ে দিবে। আর যখনই ভ্যান ও ট্রাকে করে লোকেরা ভুট্টা তাদের ফার্মের দিকে নিয়ে আসছিল তা দেখে তারা বিশ্বাসই করতে পারছিল না যে কি হচ্ছে।  এখন তাদের কাছে অর্ডার পূরণ করার জন্য যথেষ্ট ভুট্টা আছে। **যখন ক্রিস এবং লিনা দেখলো যে তাদের প্রতিবেশীরা তাদেরকে ভুট্টা দিচ্ছে তখন তারা বুঝতে পারলো যে ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দিয়েছেন।**



BIJOY MINISTRIES
পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ

# কাজের পরিকল্পনা

## কাজ # ১ সিদ্ধান্ত গ্রহণ

ঠিক ক্রিস ও লিনার জীবনের মত ঈশ্বর তোমার প্রয়োজন মিটানোর জন্যও তোমাকে সাহায্য করতে পারেন। ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন এবং তোমার জীবনের যে কোন সমস্যার সমাধান দেয়া অথবা তোমার জীবন পরিবর্তন করার মত ক্ষমতা তাঁর আছে। তুমি যদি চাও যেন তিনি তোমাকে সাহায্য করেন, তাহলে আমার সাথে সাথে এই প্রার্থনাটি কর।

## কাজ # ২ প্রার্থনা

প্রিয় ঈশ্বর, আমাকে সৃষ্টি করার জন্য তোমাকে ধন্যবাদ। দয়াকরে আমার মধ্যে একটি ভালবাসার ও ক্ষমার হৃদয় তৈরী কর। আর আমার জীবনের সমস্যা সমাধানের জন্য তুমি আমাকে সাহায্য কর। পিতা ঈশ্বর তোমাকে অনেক অনেক ধন্যবাদ। যীশুর নামে এই প্রার্থনা করি, আমেন।



# চলো খেলা করি!

# খেলার প্রশ্নঃ



- আমাদের ক্লাবে তিনটি নিয়ম আছে। তৃতীয় নিয়মটি হলোঃ বাঁশির শব্দ মানেই....কি?

  **চুপ থাকা/নীরব**

- আজকে আমরা তোমাদেরকে চারটি গুরুত্বপূর্ণ বিষয় শিক্ষা দিয়েছি। প্রথম গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, ঈশ্বর কাকে ভালবাসেন?

  **আমাকে**

- তৃতীয় গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, কে আমাদের জন্য মরেছেন?

  **যীশু**



BIJOY MINISTRIES
পূর্ব অনুমতি ব্যতিত বিতরণ ও বিক্রয় নিষিদ্ধ